

স্মারক নং পসব্য/প্রকা/নিরীক্ষা-৫/২০২১-২২/ ১২১১

তারিখঃ ০৮-১২-২০২১ খ্রি.

বিষয়ঃ শাখায় উঠান বৈঠকের সময়সূচি, কর্মকর্তাদের ভ্রমণসূচি এবং সঞ্চয় আদায়ে করণীয় প্রসঙ্গে

পল্লী সঞ্চয় ব্যাংকের মাঠ পর্যায়ে সমিতিতে কেন্দ্র করেই সকল কর্মকান্ড আবর্তিত হচ্ছে। সে শ্রেণিতে প্রতিটি সমিতিতে মাসিক উঠান বৈঠক পরিচালনার সুনির্দিষ্ট স্থান, তারিখ এবং সময় নির্ধারিত থাকা একান্ত আবশ্যিক। তাছাড়া উঠান বৈঠক যথাযথভাবে পরিচালিত এবং একই সাথে লেনদেন সঠিকভাবে হচ্ছে কিনা তা তদারকিও প্রয়োজন। উপরন্তু সদস্যদের স্বাবলম্বী করে গড়ে তোলার জন্য তাদের সঞ্চয় জমার প্রতি উদ্বুদ্ধ করার লক্ষ্যে নিম্নোক্তভাবে কর্মসূচি বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

- সমিতির সদস্যদের সাথে আলোচনা করে সকলের মধ্যবর্তী স্থানে নির্দিষ্ট দিনের নির্দিষ্ট সময় উঠান বৈঠকের সূচি নির্ধারণ করতে হবে এবং সেভাবে যথা নিয়মে মাসিক উঠান বৈঠক পরিচালনা করতে হবে।
- কোন মাসে নির্ধারিত তারিখে ছুটি পড়লে তা পূর্বেই সদস্যদের সাথে আলোচনা সাপেক্ষে আগে বা পরে বৈঠকের সময় নির্ধারণ করতে হবে।
- সকল মাঠ সহকারীর উঠান বৈঠকের সূচি অফিসের প্রজেকশন বোর্ডে বা দৃশ্যমান স্থানে লাগিয়ে রাখতে হবে।
- শাখা ব্যবস্থাপক ও জুনিয়র অফিসার (মাঠ) এর মাসিক সফর সূচি একইভাবে প্রদর্শিত স্থানে লাগিয়ে রাখতে হবে এবং সূচি মোতাবেক নিয়মিতভাবে ফিল্ড ভিজিট করতে হবে।
- উঠান বৈঠকে সদস্যদের সঞ্চয় জমা করার জন্য উদ্বুদ্ধ করতে হবে। এজন্য তাদের হিসাব খোলার লক্ষ্যে বিভিন্ন সঞ্চয়ী হিসাবের (স্কুল ব্যাংকিং, পেনশন স্কীম ইত্যাদি) সুবিধাদি বুঝিয়ে বলতে হবে।
- সঞ্চয় বৃদ্ধির মাধ্যমেই সদস্যদের স্বাবলম্বী করে গড়ে তোলার সুযোগ রয়েছে। অপরদিকে বিনিয়োগকৃত ঋণও ঝুঁকিমুক্ত থাকবে বিধায় বিশেষ মিটিং করে সঞ্চয় দানের জন্য সদস্য এবং পরিবারবর্গকে মোটিভেশন করতে হবে।
- ঋণের পরিমাণের সাথে সদস্যদের মাসিক সঞ্চয় নির্ধারণ করে প্রতিমাসে কিস্তির সাথে তা আদায়ের উদ্যোগ নিতে হবে।

উল্লিখিতভাবে নির্দিষ্ট সূচি মোতাবেক উঠান বৈঠক, ফিল্ড ভিজিট এবং সঞ্চয় আদায় নিশ্চিত করে ব্যাংকের চলমান কার্যক্রমের অগ্রযাত্রা অব্যাহত রাখতে হবে।

(দীপংকর রায়)
মহাব্যবস্থাপক
পল্লী সঞ্চয় ব্যাংক

১। জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আঞ্চলিক)

পল্লী সঞ্চয় ব্যাংক (সকল জেলা)

২। শাখা ব্যবস্থাপক

পল্লী সঞ্চয় ব্যাংক (সকল শাখা)

স্মারক নং পসব্য/প্রকা/নিরীক্ষা-৫/২০২১-২২/ ১২১১(৭)

তারিখঃ ০৮-১২-২০২১ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। পরামর্শক (সহকারী মহাব্যবস্থাপক পদমর্যাদা), পল্লী সঞ্চয় ব্যাংক।

০২। সহকারী মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।

০৩। সিনিয়র প্রিন্সিপাল অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক।

০৪। স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক।

০৫। স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক।

০৬। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।

০৭। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, জেলা (আঞ্চলিক) কার্যালয়, পল্লী সঞ্চয় ব্যাংক (উক্ত অফিস আদেশ শাখা পর্যায়ে প্রতিপালন হচ্ছে কিনা তা নিয়মিত মনিটর করবেন)

০৮। নথি, মহানথি

(প্রভাস চন্দ্র দাস)
পরামর্শক
পল্লী সঞ্চয় ব্যাংক